১০.৬ তলবী সভা

সাধারণ পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যের যৌথ সাক্ষরে সুনির্দিষ্ট এজেন্ডা নির্ধারন পূর্বক সভাপতির বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। আবেদন পত্র প্রাপ্তির পর সভাপতি ২১ দিনের মধ্যে উক্ত সভা আহব্বান করতে ব্যর্থ হলে আবেদন কারীদের মধ্যে এক জনকে আহবায়ক করে তলবী সভা আহবান করা যেতে পারে। মোট সাধারন সদস্যদের মধ্যে দুই-তৃতীয়াংশ সস্যদের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০.৭ মূলতবী সভা

কোন কারণবশত: কোরামের অভাবে অথবা অন্য কোন কারণবশত: সভা মূলতবী হতে পারে। সভা মূলতবী হলে উক্ত সভার যে তারিখ ও সময় নির্ধারণ করা হবে, সে তারিখে মূলতবী সভা অনুষ্ঠিত হবে। মূলতবী সভার জন্য কোরামের প্রয়োজন হবে না।

১০.৮ সভার কোরাম

ক. নির্বাহী পরিষদের সভায় দুই-তৃতীয়ংশ সদস্যদের উপস্থিতিতে কোরাম হবে;

খ. সাধারণ পরিষদ-এর সভায় দুই-তৃতীয়ংশ সদস্যের উপস্থিতিতে কোরাম হবে;

গ. নির্বাহী পরিষদের জরুরী সভায় দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম হবে;

ঘ. তলবী সভায় সাধারণ পরিষদের সভার কোরাম প্রযোজ্য হবে;

ঙ. মূলতবী সভার জন্য কোরামের প্রয়োজন হবে না।

১০.৯ সভার নোটিশ

ক. সাধারণ পরিষদের বার্ষিক সভার নোটিশ ৩০(ত্রিশ) দিন পূর্বে এবং নির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের সভার নোটিশ ৭(সাত) দিন পূর্বে দিতে হবে;

খ. সাধারণ পরিষদের বিশেষ সভার ১৫(পনের) দিন পূর্বে এবং নির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের বিশেষ সভার ৩(তিন) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

গ. ফোরাম সভার নোটিশ ১৫(পনের) দিন পূর্বে প্রদান করতে হবে;

ঘ. নির্বাহী পরিষদের জরুরী সভা ২৪ ঘন্টার নোটিশে আহ্বান করা যাবে কিন্তু জরুরী সভায় গৃহীত সিদ্ধান্তবলী পরবর্তী নির্বাহী পরিষদের সভায় অনুমোদন করাতে হবে;

ঙ. তলবী সভার নোটিশ ১৫ দিন পূর্বে দিতে হবে;

চ. মূলতবী সভার জন্য যে তারিখ ও সময় নির্দ্ধারিত হবে, সেই তারিখ ও সময়ে সভা অনুষ্ঠিত হবে।

১১. গঠনতন্ত্র সংশোধনী

ক. বামাসপ-এর গঠনতন্ত্রের ধারা/উপ-ধারার উপর সংশোধনীর প্রয়োজন দেখা দিলে যে কোন সদস্য এ ব্যাপারে বার্ষিক সাধারণ সভার ১(এক) মাস পূর্বে লিখিতভাবে সভাপতিকে অবহিত করতে পারেন অথবা নিজেই খসড়ার মাধ্যমে সংশোধনী প্রস্তাব করতে পারেন। গঠনতন্ত্রের সংশোধনী কেবলমাত্র সাধারণ সভায়ই বিবেচিত হতে পারে;

খ. কেবলমাত্র অবহিত করার ক্ষেত্রে সভাপতি সংশোধনী বিষয়ে একটি উপ-পরিষদ গঠন করবেন। উক্ত উপ-পরিষদ গঠনতন্ত্রের সংশোধনীর একটা খসড়া তৈরী করবেন;

গ. বিশেষ সাধারণ সভা বা বার্ষিক সাধারণ সভায় কোরাম অনুযায়ী উপস্থিত মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ সাধারণ সদস্য একমত হলে গঠনতন্ত্রের সংশোধনী গৃহীত হবে;



আকরাম হোসেন চৌধুরী

পরীক্ষিত

অনুমোদিত

নিবন্ধীকরণ

ঘ. খসড়া সংশোধনী প্রস্তাবটি বিশেষ সাধারণ সভা/সাধারণ সভার অন্তত ১(এক) মাস পূর্বে সদস্যদের নিকট সরবরাহ করতে হবে;

ঙ. কোন খসড়া সংশোধনী গৃহীত হবার পর তা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট রেজিষ্ট্রেশন কতৃপক্ষের অনুমোদন ক্রমে কার্যকর বলে বিবেচিত হবে।

## ১২ তহবিল/আর্থিক লেনদেন

### ১২.১ তহবিল গঠন

ক. বামাসপের অর্জিত আয়, সদস্য অন্তর্ভূক্তি চাঁদা, সদস্যদের বার্ষিক চাঁদা, এক কালীন অনুদান, কর্মসূচী বাস্তবায়নের জন্য দেশী-বিদেশী দাতা প্রতিষ্ঠানের সাহায্য হিসেবে অনুদান, প্রভৃতি সংস্থার তহবিল হিসেবে গণ্য হবে;

খ. তহবিল গঠন ও কর্মসূচী পরিচালনা সংক্রান্তে বামাসপ স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন ও হস্তান্তর করতে পারবে।

### ১২.২ তহবিল অপারেশন(আর্থিক ব্যবস্থাপনা)

ক. প্রচলিত অর্থ-ব্যবস্থাপনা নিয়মনীতির অধীনে বামাসপ-এর হিসাব সংক্রান্ত খাতা পত্র, বিল-ভাউচার ও অন্যান্য রেকর্ড সংরক্ষণ করতে হবে;

খ. বামাসপ-এর সকল প্রকার জমা ও খরচের হিসাব নির্বাহী পরিষদের সভায় অনুমোদনের জন্য পেশ করতে হবে;

গ. বামাসপ-এর প্রয়োজনে নির্বাহী পরিষদের অনুমতিক্রমে পরিচালক বামাসপ বহির্ভূত খাত থেকে ঋণ গ্রহণ করতে পারবেন। তহবিলে অর্থ জমা হলে উক্ত ঋণকৃত অর্থ পরিশোধ করা হবে;

ঘ. সকল প্রকার জমা ও খরচের হিসাব, বিল-ভাউচার-এ পরিচালকের স্বাক্ষর অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন থাকতে হবে। অফিসের কাজে পরিচালক কর্তৃক ব্যয়কৃত যাবতীয় বিল ভাউচার সভাপতি অনুমোদন করবেন।

### ১২.৩ ব্যাংকিং

সভাপতি, কোষাধ্যক্ষ এবং সদস্য সচিব/পরিচালকের সম্মিলিত স্বাক্ষরে বাংলাদেশের যে কোন তফশিলী ব্যাংকে সংস্থার নামে হিসাব খোলা যাবে। সংগৃহীত অর্থ ব্যাংকে জমা রাখতে হবে। ব্যাংকে গচ্ছিত তহবিল সভাপতির স্বাক্ষর বাধ্যতা মূলক রেখে কোষাধ্যক্ষ এবং সদস্য সচিব/পরিচালক-এর যে কোন একজনের স্বাক্ষর সহ মোট দুই জনের স্বাক্ষরে বামাসপ-এর ব্যাংক হিসাব পরিচালিত হবে।

### ১২.৪ বার্ষিক হিসাব প্রতিবেদন ও অডিট রিপোর্ট

বামাসপ-এর বার্ষিক হিসাব প্রতিবেদন এবং অডিট রিপোর্ট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। সাধারণ সভায় অনুমোদিত হিসাব ও অডিট প্রতিবেদন সংশ্লিষ্ট রেজিষ্ট্রেশন কতৃপক্ষ ও দাতা সংস্থাকে প্রদান করতে হবে। এ উপলক্ষে বামাসপ-এর বার্ষিক অডিট রিপোর্ট বার্ষিক সাধারণ সভার ১৫(পনের)দিন পূর্বে সাধারণ সদস্যদের কাছে পৌছাতে হবে।

### ১২.৫ অডিট

প্রতি অর্থ বছরান্তে রেজিষ্ট্রেশন কতৃপক্ষ ও নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত একটি বৈধ এবং সুনামের অধিকারী, সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বামাসপ-এর বার্ষিক হিসাব পত্র অডিট করাতে হবে।

অনুমোদিত

হোসেন চৌধুরী

পরীক্ষিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে